



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd



স্মারক নং ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-৩০৯৬

তারিখ : ১১-১২-২০১৮ খ্রিঃ

বিষয়: এস.এস.সি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউটিং কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০২৫.১৮-৮৯৯ তারিখ: ০৪-১২-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের স্কাউটিং কার্যক্রম বিষয়ক ১১-০৯-২০১৮ খ্রিঃ তারিখের জাতীয় কমিটির সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অ্যাফিলিয়েশন প্রাপ্ত সরকারি/বেসরকারি এস.এস.সি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) সহশিক্ষা প্রতিষ্ঠানকে স্কাউট ও রোভার স্কাউট দল এবং মেয়েদের শিক্ষা প্রতিষ্ঠানে গার্ল ইন স্কাউট দল খোলার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়েছে।

বর্ণিত অবস্থায় গৃহীত সিদ্ধান্তটি যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর আওতাধীন এস.এস.সি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) অ্যাফিলিয়েশন প্রাপ্ত কারিগরি প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট ও পরিচালনা কমিটিকে অনুরোধ করা হল।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনাক্রমে

স্বাক্ষরিত

(ড. মোঃ নুরুল ইসলাম)
পরিচালক (কারিকুলাম)

প্রাপক: ১) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট

এস.এস.সি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) প্রতিষ্ঠান।

২) সভাপতি/সদস্যবৃন্দ- পরিচালনা কমিটি (গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি ও অন্যান্য)

এস.এস.সি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) প্রতিষ্ঠান।

স্মারক নং ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-৩০৯৬(০৯)

তারিখ: ১১-১২-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. জেলা প্রশাসক, সকল জেলা।
২. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (আপনাকে পত্রখানা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।)
৮. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সংরক্ষণ নথি।

(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)
কারিকুলাম বিশেষজ্ঞ (ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।